



সোনালী ব্যাংক পিএলসি

বিশ্বস্ত ও স্মার্ট

নং-এইচআরএমডি/ওএমডি/সেকশন-১/ ৬৮৪৪

তারিখঃ ২৭ আগস্ট, ২০২৪

জেনারেল ম্যানেজার
সোনালী ব্যাংক পিএলসি
জেনারেল ম্যানেজার'স অফিস
চট্টগ্রাম-নর্থ, চট্টগ্রাম।

বিষয়ঃ Crandall University, Canada এর অধীনে Master of Management প্রোগ্রামে অধ্যয়নকাল আরো ০১ (এক) বছর বিনা বেতনে অধ্যয়ন ছুটি (বহিঃ বাংলাদেশ) বর্ধিতকরণ প্রসংগে: জনাব কাজী মোঃ খালেদ বিন আজিজ (৪১৮৮৮), সিনিয়র প্রিন্সিপাল অফিসার (ইন্সট্রাক্টর), সোনালী ব্যাংক ট্রেনিং ইন্সটিটিউট, চট্টগ্রাম।

মহোদয়,

শিরোনামোক্ত বিষয়ে আপনাদের ২৯ জুলাই, ২০২৪ তারিখের ১৮০৯ সংখ্যক পত্রের সুপারিশ এবং সংশ্লিষ্ট কর্মকর্তার আবেদনের প্রেক্ষিতে কর্তৃপক্ষ তাকে নিম্নে বর্ণিত শর্তে Crandall University, Canada এর অধীনে Master of Management প্রোগ্রামে অধ্যয়নসহ কানাডা অবস্থানের জন্য পূর্বে মঞ্জুরিকৃত ছুটির ধারাবাহিকতায় আরো ০১ (এক) বছর (অর্থাৎ ১২ আগস্ট, ২০২৪ হতে ১১ আগস্ট, ২০২৫ তারিখ পর্যন্ত) বিনা বেতনে অধ্যয়ন ছুটি (বহিঃ বাংলাদেশ) মঞ্জুর করেছেনঃ

- (ক) অধ্যয়ন ছুটি শেষে দেশে ফিরে এসে নিরবিচ্ছিন্নভাবে ০৫ (পাঁচ) বছরের জন্য তিনি এই ব্যাংকে চাকুরি করবেন মর্মে ৩০০.০০ (তিনশত) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে ইতিপূর্বে দাখিলকৃত অঞ্জীকারনামা বহাল থাকবে;
- (খ) সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক এ ব্যাংক হতে গৃহীত সকল দায়-দেনা কভার করে ইতিপূর্বে নন-জুডিশিয়াল স্ট্যাম্পে সম্পাদিত ব্যক্তিগত জামিনদাতার জামিননামা বহাল থাকবে;
- (গ) অধ্যয়ন সংক্রান্ত যাবতীয় ব্যয় তিনি নিজস্ব উৎস হতে বহন করবেন। এতে সোনালী ব্যাংক পিএলসি এবং বাংলাদেশ সরকারের কোন আর্থিক সংশ্লেষ থাকবে না;
- (ঘ) অনুমোদিত সময়ের অতিরিক্ত তিনি বিদেশে অবস্থান করতে পারবেন না অর্থাৎ ছুটি আর বর্ধিত করা হবে না;
- (ঙ) সোনালী ব্যাংক পিএলসি কর্মচারী চাকুরি প্রবিধানমালা ২০২২ এর উপপ্রবিধান ১৯ (৩)(ঘ) অনুযায়ী বিনা বেতনে মঞ্জুরিকৃত অসাধারণ ছুটিকালে বেতন বৃদ্ধি, গ্র্যাচুয়িটি, ছুটি প্রাপ্যতা এবং পদোন্নতির উদ্দেশ্যে গণনা করা হবে না।

এমতাবস্থায়, তদনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে সংশ্লিষ্ট কর্মকর্তাকে জানানোর জন্য আপনাদের অনুরোধ করা হলো।

আপনাদের বিশ্বস্ত,
স্বাক্ষরিত/-

(মোস্তাক আহমদ)

এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

- ০১। ডেপুটি জেনারেল ম্যানেজার, সেন্ট্রাল একাউন্টস ডিভিশন (পেমেন্ট), সোনালী ব্যাংক পিএলসি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার (চীফ ইন্সট্রাক্টর), সোনালী ব্যাংক ট্রেনিং ইন্সটিটিউট, চট্টগ্রাম।
- ০৩। জনাব কাজী মোঃ খালেদ বিন আজিজ (৪১৮৮৮), সিনিয়র প্রিন্সিপাল অফিসার (ইন্সট্রাক্টর), সোনালী ব্যাংক ট্রেনিং ইন্সটিটিউট, চট্টগ্রাম।
- ০৪। ইমিগ্রেশন অফিসার, সকল আন্তর্জাতিক বিমান বন্দর, বাংলাদেশ।
- ✓ ০৫। ইডিপি কপি (উক্ত পত্রটি এ ব্যাংকের ওয়েবসাইট-এ আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ০৬। ব্যক্তিগত নথি/দপ্তর কপি।

এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার